গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর।
foodparbatipur@gmail.com

# জরুরি নোটিশ

বিষয়ঃ বস্তার গায়ে মুদ্রিত পতিত আওয়ামীলীগ সরকারের বিতর্কিত স্লোগান "শেখ হাসিনার বাংলাদেশ, ক্ষুধা হবে নিরুদ্দেশ" মুছে ফেলা (Erase) প্রসঙ্গে।

পতিত আওয়ামীলীগ সরকারের আমলে "শেখ হাসিনার বাংলাদেশ, ক্ষুধা হবে নিরুদ্দেশ"-স্লোগান সংবলিত ৩০ (ত্রিশ) কেজি ধারণক্ষম বস্তা সরবরাহ করা হয়েছে এবং তা খাদ্য অধিদপ্তরের বিভিন্ন স্থাপনায় মজুত রয়েছে। চলাচল, রেল ও সড়ক শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ২৭/১১/২০২৪ খ্রি. তারিখের ২৭৮৭ নং স্মারক এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুরের কার্যালয়ের ২৮/০২/২০২৫ খ্রি. তারিখের ১০৭ নং স্মারকে বিতর্কিত স্লোগানটি অমোচনীয় কালী দ্বারা ঢেকে দিয়ে খাদ্যশস্য বিলি-বিতরণের জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে। গুদামে নিয়োজিত শ্রমিকগণ বিতরণকৃত বস্তায় স্টেনসিল প্রদান এবং বিতর্কিত স্লোগানটি অমোচনীয় কালী দ্বারা ঢেকে দেওয়ার কাজ সাধ্যমত করে থাকেন। নিম্নস্বাক্ষরকারী ও তার প্রতিনিধি প্রতিনিয়ত এ কাজের নিবিড়ভাবে তদারকি ও পর্যবেক্ষণ করে আসছেন।

অমোচনীয় কালী দ্বারা মুছে ফেলার কাজ করতে গিয়ে অনেক সময় ভুলবশত/অনিচ্ছাকৃতভাবে ২/১টি বস্তা ছাড়া পড়তে পারে। এরুপ ত্রুটি-বিচ্যুতি কারও নজরে এলে আতঙ্ক (Panic)/মব সৃষ্টি না করে তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারী অথবা তার প্রতিনিধিদের অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিনীতভাবে অনুরোধ করা হলো। অবগত হওয়া মাত্র বিতর্কিত স্লোগানটি অমোচনীয় কালী দ্বারা মুছে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে। আমরা পতিত আওয়ামীলীগ সরকারের বর্ণিত বিতর্কিত স্লোগানটি মুছে ফেলতে অত্যন্ত আন্তরিক ও প্রতিশ্রুতিবদ্ধ।

মোঃ মাসুদুর রহমান
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
পার্বতীপুর, দিনাজপুর।
মোবা: ০১৭১১১৪৪৪৫৬

প্রয়োজনে:
১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পার্বতীপুর এলএসডি, দিনাজপুর।
মোবাইল: ০১৯০২২৯২৩৯৮
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভবানীপুর এলএসডি, দিনাজপুর।
মোবাইল: ০১৩০৩৪৫৫০০২
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মন্মথপুর এলএসডি, দিনাজপুর।
মোবাইল: ০১৭৫৪৫৭২৩৩৩
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আমবাড়ী এলএসডি, দিনাজপুর।
মোবাইল: ০১৭১৭০১৪৭৯৬

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-
১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৫। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, পার্বতীপুর, দিনাজপুর।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল),................ এলএসডি, পার্বতীপুর, দিনাজপুর।
৭। জনাব.................................. /রিপোর্টার/সাংবাদিক, ....................................
৮। জনাব...................................... ওএমএস/খাদ্যবান্ধব ডিলার,....................................
৯। জনাব......................................................
১০। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর।
১১। নোটিশ বোর্ড, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর।
১২। নোটিশ বোর্ড, প্রেস ক্লাব, পার্বতীপুর, দিনাজপুর।
১৩। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
পার্বতীপুর, দিনাজপুর।